গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

ঢাকা, বৃহস্পতিবার ৮ ডিসেম্বর ২০১৬, ২৪ অগ্রহায়ণ ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আগামী ২০২১ সালের মধ্যে শতভাগ মানুষ বিদ্যুৎ পাবে : প্রধানমন্ত্রী

২। স্রোতের মতো রোহিঙ্গা আসতে দিতে পারি না : সংসদে প্রধানমন্ত্রী

৩। বাল্যবিয়ে নিরোধ আইন নিয়ে উদ্বিগ্ন হওয়ার কিছু নেই : সংসদে প্রধানমন্ত্রী

৪। প্রধানমন্ত্রী আজ গাজীপুর যাচ্ছেন

৫। ব্রাজিলের সাথে এফটিএ (ফ্রি ট্রেড অ্যাগ্রিমেন্ট) স্বাক্ষরের প্রস্তাব বাণিজ্যমন্ত্রীর

৬। সরকারি হাসপাতালগুলোতে মুক্তিযোদ্ধারা বিনামূল্যে চিকিৎসা পাচ্ছেন : স্বাস্থ্যমন্ত্রী

৭। চট্টগাম ও মংলা বন্দর ব্যবহার করতে পারবে ভারত
: সচিব পর্যায়ের বৈঠকে চুক্তির খসড়া চূড়ান্ত

৮। শিশুর ওজনের ১০ শতাংশের বেশি ভারী ব্যাগ বহন নয় : হাইকোর্ট

৯। আলোচিত বিআরটিসহ সংসদে দুটি বিল পাস

১০। বিভিন্ন থানায় নারীবান্ধব হেল্পডেস্ক চালু করা হয়েছে : আইজিপি

১১। মৎস্য ও পশুখাদ্য তৈরিতে ট্যানারি বর্জ্য ব্যবহার নয় : হাইকোর্টের রায় বহাল

১২। ঢাকায় আন্তর্জাতিক অভিবাসন সম্মেলন শুরু হচ্ছে আগামী শনিবার

চলমান পাতা-২

১। **আগামী ২০২১ সালের মধ্যে শতভাগ মানুষ বিদ্যুৎ পাবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ী হওয়ার জন্য জনগণকে আহ্বান জানিয়ে বলেছেন, বিদ্যুৎ উৎপাদনের চলমান গতি অব্যাহত রাখার মাধ্যমে আমাদের রূপকল্প-২০২১ অনুযায়ী আগামী ২০২১ সালের মধ্যে দেশের শতভাগ মানুষকে বিদ্যুৎ দিতে পারব। তিনি বাসাবাড়িসহ সর্বত্র অহেতুক বিদ্যুৎ ও গ্যাস অপচয় না করার বিষয়ে সবাইকে সতর্ক থাকার আহ্বান জানান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ৭ ডিসেম্বর বুধবার বসুন্ধরা আন্তর্জাতিক কনভেনশন সেন্টারে 'জাতীয় বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ-২০১৬' এর উদ্বোধন অনুষ্ঠানে এ কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, দীর্ঘমেয়াদী পরিকল্পনার আওতায় ২০২১ সালের মধ্যে ২৪,০০০ মেগাওয়াট, ২০৩০ সালের মধ্যে ৪০,০০০ মেগাওয়াট এবং ২০৪১ সালের মধ্যে ৬০,০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের মহাপরিকল্পনা বাস্তবায়ন করছি। তিনি বলেন, বিদ্যুৎ খাতের ক্রমাগত উন্নয়নের মাধ্যমে গত আট বছরে ৮০টি নতুন বিদ্যুৎকেন্দ্র স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ১৫,০০০ মেগাওয়াটে উন্নীত হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৭)। **এশিয়ান এজ, ইনকিলাব** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

জনকণ্ঠ, সংবাদ, ইনকিলাব, ভোরের কাগজ, ডেইলি সানসহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **স্রোতের মতো রোহিঙ্গা আসতে দিতে পারি না : সংসদে প্রধানমন্ত্রী**

কয়েক দশক ধরে পাঁচ লাখের বেশি রোহিঙ্গার ভার বহনের মধ্যে নতুন করে আর মিয়ানমার থেকে স্রোতের মতো রোহিঙ্গা শরণার্থীদের ঢুকতে দেওয়া হবে না বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন মানবিক দিক বিবেচনা করলেও স্রোতের মতো রোহিঙ্গা দিতে পারি না। এরপরও নানা ফাঁকফোকর দিয়ে বাংলাদেশে ঢুকে পড়া রোহিঙ্গাদের জীবনধারনের জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে। গতকাল ৭ ডিসেম্বর বুধবার জাতীয় সংসদে তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৭)।

৩। **বাল্যবিয়ে নিরোধ আইন নিয়ে উদ্বিগ্ন হওয়ার কিছু নেই : সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সরকার প্রণীত বাল্যবিবাহ নিরোধ আইন নিয়ে উদ্বিগ্ন হওয়ার কিছু নেই। প্রধানমন্ত্রী বাল্যবিবাহ আইনটি অত্যন্ত বাস্তবসম্মত উল্লেখ করে বলেছেন, ১৮ বছর বয়সের আগে আদালত ও পরিবারের অনুমতি নিয়ে বিয়ের বিষয় সংবলিত বাল্যবিবাহ আইনটি অত্যন্ত বাস্তবসম্মত চিন্তা থেকে করা হয়েছে। সব কিছু বিবেচনা করে ও বাস্তবতাকে সামনে রেখেই আইনটি করা হয়েছে। গতকাল ৭ ডিসেম্বর বুধবার জাতীয় সংসদের ত্রয়োদশ অধিবেশনে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

৪। **প্রধানমন্ত্রী আজ গাজীপুর যাচ্ছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজির (আইইউটি) ৩০তম সমাবর্তনে যোগ দিতে আজ ৮ ডিসেম্বর বৃহস্পতিবার গাজীপুর যাচ্ছেন। তিনি ওআইসি পরিচালিত গাজীপুরের বোর্ড বাজারস্থ ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজির ৩০তম সমাবর্তনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গ্র্যাজুয়েটদের মাঝে সনদ বিতরণ করবেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬)।

৫। **ব্রাজিলের সাথে এফটিএ (ফ্রি ট্রেড অ্যাগ্রিমেন্ট) স্বাক্ষরের প্রস্তাব বাণিজ্যমন্ত্রীর**

ব্রাজিলে শুল্কমুক্ত সুবিধা চেয়েছে বাংলাদেশ। একই সঙ্গে দেশটির সঙ্গে এফটিএ (ফ্রি ট্রেড অ্যাগ্রিমেন্ট) স্বাক্ষরেরও প্রস্তাব দেওয়া হয়েছে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। গতকাল ৭ ডিসেম্বর বুধবার সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এক যৌথ সংবাদ সম্মেলনে এ তথ্য জানান বাণিজ্যমন্ত্রী। এ সময় বাংলাদেশে নিযুক্ত ব্রাজিলের রাষ্ট্রদূত ওয়ানজা চানপস দ্য নবরেগা উপস্থিত ছিলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৯,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.১)।

৬। **সরকারি হাসপাতালগুলোতে মুক্তিযোদ্ধারা বিনামূল্যে চিকিৎসা পাচ্ছেন : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, দেশের সব সরকারি ও আধা-সরকারি হাসপাতালগুলোতে মুক্তিযোদ্ধা ও তাদের পরিবারের সদস্যদের চিকিৎসাসেবা প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। এসব হাসপাতালে মুক্তিযোদ্ধাদের বিনামূল্যে ও অগ্রাধিকারভিত্তিতে চিকিৎসাসেবা দেওয়া হচ্ছে। সেখানে তাদের জন্য আলাদা শয্যাও সংরক্ষিত করা হয়েছে। গতকাল ৭ ডিসেম্বর বুধবার সংসদ অধিবেশনে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮), **ইনকিলাব** (পৃ.৪,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩)।

**৭।	চট্টগাম ও মংলা বন্দর ব্যবহার করতে পারবে ভারত : সচিব পর্যায়ের বৈঠকে চুক্তির খসড়া চূড়ান্ত**

বাংলাদেশের চট্টগ্রাম ও মংলা সমুদ্রবন্দর ভারত ব্যবহার করতে পারবে। এ জন্য দুই দেশের মধ্যে একটি চুক্তির খসড়া চূড়ান্ত করা হয়েছে। দুই দেশের নৌ-পরিবহণ সচিব পর্যায়ের বৈঠকে এই চুক্তির খসড়া চূড়ান্ত করা হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনার আসন্ন ভারত সফরকালে এ বিষয়ে চুক্তির সম্ভাবনার কথা জানিয়েছে নৌ-পরিবহণ মন্ত্রণালয়। গতকাল ৭ ডিসেম্বর বুধবার সচিবালয়ে অনুষ্ঠিত এই বৈঠকে বাংলাদেশের প্রতিনিধি দলের নেতৃত্ব দেন নৌ-সচিব আশোক মাধব রায় আর ভারতের পক্ষে সে দেশের নৌ-সচিব রাজিব কুমার। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

**৮।	শিশুর ওজনের ১০ শতাংশের বেশি ভারী ব্যাগ বহন নয় : হাইকোর্ট**

প্রাথমিক শিক্ষায় অধ্যয়নরত শিক্ষার্থীর ওজনের ১০ শতাংশের বেশি ভারী ব্যাগ বহন নিষিদ্ধ করে আগামী ছয় মাসের মধ্যে আইন প্রণয়নের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। পাশাপাশি অন্তবর্তী সময়ের জন্য প্রাথমিক গণশিক্ষা মন্ত্রণালয়কে ৩০ দিনের মধ্যে একটি সার্কুলার জারি করার নির্দেশও দেওয়া হয়েছে। গতকাল ৭ ডিসেম্বর বুধবার এ সংক্রান্ত একটি রুল নিষ্পত্তি করে বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ও আশীষ রঞ্জন দাশের বেঞ্চ এ আদেশ দেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৯।	আলোচিত বিআরটিসহ সংসদে দুটি বিল পাস**

স্বল্পব্যয়ে ও উন্নত সড়ক নির্ভর বাসভিত্তিক গণপরিবহণ সেবা দিতে বাস র‍্যাপিড ট্রানজিট নির্মাণ করা হবে। বিআরটিতে ভ্রমণকারী যাত্রীদের বাধ্যতামূলক জীবনবিমা ও কোনো দুর্ঘটনায় যাত্রী ছাড়া অপর কোনো ব্যক্তি বা সম্পদের ক্ষতি হলে তিন মাসের মধ্যে ক্ষতিপূরণ আদায়ের বিধান রেখে বাস র‍্যাপিড ট্রানজিট আইন ২০১৬ বিল সংসদে পাস হয়েছে। এ ছাড়া বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল বিল-২০১৬ নামের অপর একটি বিলও সংসদে পাস হয়েছে। গতকাল ৭ ডিসেম্বর বুধবার সংসদ অধিবেশনে বিল দুটি পাস হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.২), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৪)।

**১০।	বিভিন্ন থানায় নারীবান্ধব হেল্পডেক্স চালু করা হয়েছে : আইজিপি**

আইজিপি এ কে এম শহীদুল হক বলেছেন দেশের বিভিন্ন থানায় নারীবান্ধব হেল্পডেক্স চালু করা হয়েছে। জেন্ডারভিত্তিক নির্যাতন রোধে পুলিশ অত্যন্ত আন্তরিক উল্লেখ করে আইজিপি বলেন, পুলিশ যথেষ্ট আন্তরিকতা ও পেশাদারিত্বের সঙ্গে নারী ও শিশু নির্যাতন মামলা তদন্ত করছে। গতকাল ৭ ডিসেম্বর বুধবার পুলিশ সদর দফতর সম্মেলন কক্ষে জাতিসংঘ জনসংখ্যা তহবিল এর সহায়তায় জেন্ডারভিত্তিক নির্যাতন রোধে বাংলাদেশ পুলিশের জন্য প্রণীত স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউরস এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৮), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**১১।	মৎস্য ও পশুখাদ্য তৈরিতে ট্যানারি বর্জ্য ব্যবহার নয় : হাইকোর্টের রায় বহাল**

ট্যানারির বর্জ্য ব্যবহার করে মৎস্য ও পশুখাদ্য তৈরির কারখানা বন্ধে হাইকোর্টের দেওয়া রায় বহাল রেখেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনের নেতৃত্বাধীন আপিল বিভাগের তিন সদস্যের বেঞ্চ গতকাল ৭ ডিসেম্বর বুধবার হাইকোর্টের রায়ের বিরুদ্ধে মৎস্য ও পশুখাদ্য প্রস্তুতকারী পোলট্রি সমিতির করা আবেদন খারিজ করে দেন। সূত্র-**সমকাল** (পৃ.১১,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ডেইলি স্টার** (পৃ.৪,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৪)।

**১২।	ঢাকায় আন্তর্জাতিক অভিবাসন সম্মেলন শুরু হচ্ছে আগামী শনিবার**

বিশ্বজুড়ে নিরাপদ অভিবাসন নিশ্চিতের লক্ষ্যে আগামী ১০-১২ ডিসেম্বর ঢাকায় নবম আন্তর্জাতিক অভিবাসন সম্মেলন অনুষ্ঠিত হবে। এই সম্মেলন উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিশ্বের প্রায় ৮০টি দেশ ও ৩০টি আন্তর্জাতিক সংস্থার সাড়ে ৫ শতাধিক প্রতিনিধি এই সম্মেলনে যোগ দেবেন। এছাড়া এই সম্মেলনে বিভিন্ন দেশ থেকে ২৫ জন মন্ত্রী যোগ দেবেন। অভিবাসন ও উন্নয়ন বিষয়ক গ্লোবাল ফোরাম অন মাইগ্রেশন অ্যান্ড ডেভেলপমেন্ট ঢাকায় এই সম্মেলনের আয়োজন করছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.২), **প্রথম আলো** (পৃ.৫,ক.২)।

সম্পাদকীয়

ক. **প্রথম আলো :** ভারত থেকে আসা ১৫ বন্য হাতির তান্ডবে রৌমারীর ২০ গ্রামের মানুষের দুর্ভোগের বিষয় তুলে ধরে এ ব্যাপারে আন্তঃদেশীয় উদ্যোগের পাশাপাশি হাতির আবাসস্থলের উন্নয়নে সবাইকে সচেতনতার পরিচয় দেওয়ার আহ্বান।

খ. **সংবাদ :** শিক্ষা আইনের চূড়ান্ত খসড়ায় নোট ও গাইড বই প্রকাশ এবং কোচিং ও প্রাইভেট টিউশনির সুযোগ রাখার পরিপ্রেক্ষিতে শিক্ষার জন্য ক্ষতিকর কোনো আইন করা থেকে কর্তৃপক্ষকে বিরত থাকার সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** সরকারি উন্নয়নের জন্য স্থাবর সম্পত্তি অধিগ্রহণ অথবা হুকুমদখল করতে গিয়ে যেন কৃষিজমিতে হাত না পড়ে সরকারকে সে ব্যাপারে সতর্ক থাকার আহবান।

ঘ. **প্রথম আলো, ইনকিলাব, ডেইলি স্টার :** নির্বাচন কমিশন পুনর্গঠনে রাষ্ট্রপতির উদ্যোগকে স্বাগত জানিয়ে ফলপ্রসূ আলোচনার মাধ্যমেই নির্বাচন কমিশন গঠিত হওয়ার প্রত্যাশা।

ঙ. **সমকাল :** হাতিরঝিলে ওয়াটার ট্যাক্সি চালুর শুভ উদ্যোগের পরিণতি গাবতলী থেকে সদরঘাট পর্যন্ত লঞ্চ চলানোর পরিকল্পনার মতো যেন মুখ থুবড়ে না পড়ে, সেটা নিশ্চিত করার সুপারিশ।

চ. **যুগান্তর :** চট্টগ্রাম বন্দরের জাহাজজট সংক্রান্ত সংকট উত্তরণে দ্রুত ব্যবস্থা নেওয়ার আহবান।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** রাজধানী ঢাকাসহ অন্যান্য শহরে যত্রতত্র ই-বর্জ্য ফেলে রাখায় তা মাটি, পানি ও বায়ু দূষণ করায় ই-বর্জ্য ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণে যথোপযুক্ত ও আইনি পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

জ. **ডেইলি সান :** দেশব্যাপী সড়ক, শিক্ষা প্রতিষ্ঠানসহ বিভিন্ন স্থাপনা ১৯৭১ সালের মুক্তিযুদ্ধবিরোধী ও তাদের সহযোগীদের নামে থাকায় এসব স্থাপনার নাম পরিবর্তনে হাইকোর্টের দেওয়া নির্দেশনা অতি দ্রুত যথাযথভাবে প্রতিপালনের আহবান।

ঝ. **নিউ নেশন :** মাদকের প্রভাবে বেপরোয়া গাড়ি চালানোয় সড়ক-মহাসড়কে দুর্ঘটনায় প্রাণহানীর ঘটনা বেড়ে যাওয়ায় সড়কে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে অহেতুক সংঘাত এড়াতে ভারসাম্যপূর্ণ বৈদেশিক নীতি ও কৌশলী সামরিক সহযোগিতা, বাংলাদেশের জাতীয় স্বার্থকে সমুন্নত রাখতে পারবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'মাদক এবং সন্ত্রাস পরস্পরের হাত ধরে চলে'** শিরোনামের নিবন্ধে মুহাম্মদ ফারুক খান এমপি মাদকের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে পারিবারিক ও সামাজিক মূল্যবোধ এবং প্রয়োজনীয় ধর্মীয় শিক্ষার কোনো বিকল্প নেই এবং তা জঙ্গিবাদ প্রতিরোধেও কার্যকর ভূমিকা রাখবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা